

সূত্র: বিইআরসি/এলপিজি/মূল্যহার/০২/২০২১

তারিখ: ৩রা জুন, ২০২১

বরাবর

চেয়ারম্যান,

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন,

টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

বিষয়ঃ বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক ভোক্তাপর্যায়ে এলপিজি অটোগ্যাসের মূল্যহার নির্ধারণ প্রসঙ্গে।

স্মারক নং-২৮.০১.০০০০.০১২.১৭.০০২.২১.১৬৬০।

মহোদয়,

আসসালামু আলাইকুম,


যথাবিহীত সম্মানপূর্বক জানানো যাচ্ছে যে, গত ৩১শে মে, ২০২১ ইং তারিখে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক প্রণীত সৌদি সিপি অনুযায়ী ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মূল্য সম্বন্ধে বিজ্ঞপ্তিটি আমরা পেয়েছি। উক্ত মূল্য বাস্তবায়নের জন্য আমাদের এসোসিয়েশন দেশের এলপিজি অটোগ্যাস স্টেশন মালিকবৃন্দের সাথে যোগাযোগ করা হয়। স্টেশন মালিকদের কাছ থেকে প্রাপ্ত বিভিন্ন সমস্যা ও মতামত আপনার নিকট বিবেচনার জন্য উপস্থাপন করছি।

অধিকাংশ অটোগ্যাস স্টেশন মালিকগণ আমাদেরকে জানিয়েছেন যে, তাঁরা বিইআরসি কর্তৃক নির্ধারিত ক্রয়মূল্যে গ্যাস ক্রয় করতে না পারার কারণে এবং স্টেশন পরিচালনার জন্য নূন্যতম প্রফিট মার্জিন না থাকার কারণে বিইআরসি কর্তৃক নির্ধারিত বিক্রয়মূল্যে (৪১.৭৪ টাকা/লি.) গ্যাস বিক্রয় করতে পারছেন না। ফলে স্টেশনে গ্রাহকদের সাথে মালিকদের মনোমালিন্য হচ্ছে, ভোক্তা অধিকার আইনে মামলা করার হুমকিসহ মালিকগণ বিভিন্নভাবে হয়রানির শিকার হচ্ছেন। এমতাবস্থায় অনেক মালিকগণ তাদের স্টেশনে গ্যাস বিক্রয় বন্ধ রেখেছেন।

অতএব, মহোদয়ের নিকট বিনীত আরজি এই যে, জরুরী ভিত্তিতে গ্যাস সরবরাহকারী কোম্পানীর প্রতিনিধি এবং এলপিজি অটোগ্যাস স্টেশন ও কনভার্সন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশন প্রতিনিধির সমন্বয়ে আলোচনা করে সর্বসম্মতিক্রমে ক্রয়মূল্য ও বিক্রয়মূল্য নির্ধারণ করার জন্য সর্বিনয় অনুরোধ করছি। সেই সাথে উক্ত সময় পর্যন্ত পূর্ববর্তী মাসের অটোগ্যাসের বিক্রয়মূল্য (৪৪.৭০ টাকা/লি.) বলবৎ রাখার জন্যও বিনীত অনুরোধ করছি।

আপনার সহযোগিতা একান্তভাবে কাম্য।

নিবেদক,



মোহাম্মদ সিরাজুল মাওলা

সভাপতি



অনুলিপিঃ

- ১) চেয়ারম্যানের একান্ত সচিব, বিইআরসি, ঢাকা (মাননীয় চেয়ারম্যানের সদয় অবগতির জন্য)।
- ২) সদস্য (সকল) এর ব্যক্তিগত সহকারী, বিইআরসি, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩) এলপিজি অপারেটরস এসোসিয়েশন অফ বাংলাদেশ (লোআব)।